



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২২-১১-২০২০

শোক সংবাদ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সাবেক সহ-সভাপতি, জাতীয় ক্রীড়া পুরস্কারপ্রাপ্ত, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের খেলোয়াড়, ঢাকা মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর নির্ভরযোগ্য প্রাক্তন খেলোয়াড়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্লু, বিজিএমইএ এর সাবেক পরিচালক জনাব বাদল রায় অদ্য ২২-১১-২০২০ তারিখ বিকাল ৫.৩৫ ঘটিকায় ধানমন্ডিস্থ বাংলাদেশ মেডিক্যাল কলেজে ইহলোক ত্যাগ করেন। তিনি দীর্ঘদিন যাবৎ বিভিন্ন রোগে আক্রান্ত ছিলেন এবং সর্বশেষ লিভার ক্যান্সারে আক্রান্ত হয়ে পরলোক গমন করেন। তিনি স্ত্রী, ১ ছেলে ও ১ মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

বাদল রায় খুব ভালো মানের খেলোয়াড় ও সফল সংগঠক ছিল। তার চলে যাওয়া বাংলাদেশের ফুটবলের জন্য অপূরণীয় ক্ষতি হয়েছে। বাদল রায়-এর আত্মা দিব্যালোকে গমন করুক।

বাদল রায় এর মৃত্যুতে আমি ব্যক্তিগতভাবে এবং বাফুফে কার্যনির্বাহী কমিটি, সাধারণ সম্পাদক, বাফুফের সকল স্ট্যাডিং কমিটির সদস্যগণ, বাফুফের সকল ফুটবল প্রশিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দের পক্ষ হতে আন্তরিক শোক প্রকাশ এবং তার পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

বাংলাদেশ ফুটবল ফেডারেশন

কাজী মোঃ সালাহুউদ্দিন
সভাপতি